

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) কর্মসূচি
পল্লী ভবন

৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.২৭.০৫৭.২৪- ৫৩৬


তারিখ: ২৪ ডিসেম্বর, ২০২৪ খ্রি.

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতাধীন ইরেসপো কর্মসূচিভুক্ত পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলায় কর্মরত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব মো: শাহাদৎ হোসেন কর্তৃক বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলায় কর্মকালীন অনিয়মতান্ত্রিক ঋণ বিতরণ, মাঠ পর্যায়ে দুর্বল তদারকি, দায়িত্ব পালনে অবহেলা, উদাসীনতা, গাফিলতি, ধারাবাহিকভাবে মেয়াদোত্তীর্ণ ঋণ বৃদ্ধি, ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার জন্য অর্থের বিনিময়ে মাঠ সংগঠককে অর্থ আত্মসাতের সুযোগ সৃষ্টি, অসততা ও অর্থ আত্মসাতে দুরভিসন্ধিমূলক কর্মকাণ্ডে লিপ্ত হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে। এছাড়া, ইতোপূর্বে তার পূর্ববর্তী কর্মস্থল বামনা, বরগুনায় কর্মকালীন আর্থিক অনিয়ম সংক্রান্ত অপরাধ প্রমাণিত হওয়ায় তাকে চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হয় এবং পরবর্তীতে আপিল আবেদনের প্রেক্ষিতে তিরস্কার দন্ড প্রদানপূর্বক কঠোরভাবে সতর্ক করে চাকুরীতে পুনর্বহাল করা হলেও তিনি নিজেকে সংশোধন করতে ব্যর্থ হয়েছেন। এহেন অবস্থায় তার অপরাধের ধরণ, প্রকৃতি ও গভীরতা বিবেচনা করে ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ এর অনুচ্ছেদ ২৬ (ক) মোতাবেক সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) জনাব মো: শাহাদৎ হোসেনকে চুক্তি ভিত্তিক নিয়োগ হতে সাময়িক বরখাস্ত করে পিরোজপুর জেলা দপ্তরে সংযুক্ত করা হলো।

২। বরখাস্তকালীন তার বিপরীতে সংশ্লিষ্ট উপজেলায় অর্জিত আয় থাকা স্বাপেক্ষে বিধি অনুযায়ী খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



মোহাম্মদ হোসেন আলম
কর্মসূচি পরিচালক

নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.২৭.০৫৭.২৪- ৫৩৬

তারিখ: ২৪ ডিসেম্বর, ২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ পিরোজপুর/বরিশাল/বরগুনা।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইডে প্রকাশের জন্য)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ মঠবাড়িয়া/বাবুগঞ্জ/বামনা, জেলাঃ পিরোজপুর/বরিশাল/বরগুনা।
৫. জনাব মো: শাহাদৎ হোসেন, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ মঠবাড়িয়া, জেলাঃ পিরোজপুর।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি।


এ, এস, এম সোলায়মান
উপ প্রকল্প পরিচালক